

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৪

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৪৮. সঠিকভাবে উযু করা এবং তাতে সীমাতিরিক্ত কিছু করা মাকরহ।

بَابِ مَا جَاءَ فِي الْقَصْدِ فِي الْوُضُوءِ وَكَرَاهَةِ التَّعَدِّي فِيهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُصنَقَّى الْحِمْصِيُّ، حَدَّثَنَا بَقِيَّةُ، عَنْ مُحَمَّدِ بْنِ الْفَضْلِ، عَنْ أَبِيهِ، عَنْ سَالِم، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ رَأَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ رَجُلاً يَتَوَضَّأُ فَقَالَ " لاَ تُسْرِفْ لاَ تُسْرِفْ لاَ تُسْرِفْ " .

বাংলা

8/৪২৪। ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যাক্তিকে উয় (ওজু/অজু/অযু) করতে দেখে বলেনঃ অপচয় করো না, অপচয় করো না।

English

It is narrated that Ibn 'Umar said:

"The Messenger of Allah saw a man performing ablution, and he said: 'Do not be extravagant, do not be extravagant (in using water).'"

ফুটনোট

তাহকীক আলবানী: মউয়। তাখরীজ আলবানী: যঈফাহ ৪৭৮২। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ ইবনুল মুসাফফা আল হিমসী সম্পর্কে আবু হাতিম আর-রাযী ও ইমাম নাসাই বলেন, তিনি সত্যবাদী। ইবনু হিব্বান তাকে সিকাহ বলেলও অন্যত্র বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ২. মুহাম্মাদ ইবনুল ফাদল সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার হাদিস মিথ্যুকদের হাদিসের মতই। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি মিথ্যুক কখনো সিকাহ হতে পারে না। আলী ইবনুল মাদীনী বলেন, তার থেকে আশ্চর্য হাদিস বর্ণিত হয়েছে। আমর বিন ফাল্লাস বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য ও তিনি মিথ্যুক। সালিহ জাযারাহ বলেন, তিনি হাদিস বানিয়ে বর্ণনা করেন। ইমাম বুখারী তার ব্যাপারে চুপ থেকেছেন অর্থাৎ কিছু বলেন নি।



হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন